শব্দালঙ্কার / যমক ২

অনুপ্রাসের কথা শেষ হল। এবার আসি যমক প্রসঙ্গে। 'যমক' শব্দটা বললেই কাছাকাছি আর একটা শব্দ মনে ভেসে ওঠে, সেটা হল 'যমজ'। 'যমজ' হল একই রকম দেখতে দুই সন্তান। একই রকম দেখতে হলেও তারা আসলে আলাদা আলাদা দু'জন ব্যক্তি। আমাদের 'যমক' অলঙ্কার প্রসঙ্গে এই কথাটা মনে রাখতে হবে।

প্রথমে সোজা কথায় বলি, একই শব্দ যদি একাধিকবার পুনরাবৃত্ত হয়, এবং সেই শব্দদুটোর যদি ভিন্ন ভিন্ন অর্থ হয়, তাহলে সেটা যমক। যেমন বলে— 'ভারত ভারতখ্যাত আপনার গুনে।' এখানে দেখো 'ভারত' শব্দটা দুবার পুনরাবৃত্ত হয়েছে। কিন্তু দুটি 'ভারত'-এর অর্থ ভিন্ন। প্রথম 'ভারত'-এর অর্থ কবি ভারতচন্দ্র রায়গুনাকর, যিনি অন্নদামঙ্গল লিখেছিলেন। আর দ্বিতীয় 'ভারত'-এর অর্থ ভারতবর্ষ। অর্থাৎ কবি ভারতচন্দ্র ভারতবর্ষে বিখ্যাত হয়েছিলেন নিজের কবিত্বগুনে। এই যে একই শব্দ ভিন্ন ভিন্ন অর্থে দু'বার ব্যবহৃত হল, এজন্যই এটি যমক।

আর একটা উদাহরণ দেখো—

'ঘন হয়ে এল ঘন আকাশ ঘনিয়া,'

'ঘন' শব্দটা দুবার। প্রথম 'ঘন' মানে গাঢ় বা জমাট। দ্বিতীয় 'ঘন' মানে মেঘ। অতএব এটি যমক অলঙ্কার।

কিন্তু যদি বলি 'সিংহটি ঘন ঘন গর্জন করছে।' এটা কিন্তু যমক নয়। কেন বলো তো? আসলে এখানে দুটি ঘন-র কোনো আলাদা অর্থ নেই। ঘনঘন শব্দটার একসঙ্গে যতটাই মানে — বারেবারে। তাই এটি যমক হল না। তাহলে কি হল বলতে পারবে?

পারলে না তো? এটি আগে পড়েছো— ✓ লাটানুপ্রাস।